বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম
মোঃ শাহিন মিয়া
কাউন্সিলর, ২১ নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
www.ncc.org.bd
Md. Shaheen Miah
Councillor 21 No Word
Narayanganj City Corporation

সূত্র নং-

তারিখ- ১৫/০২/২০২৪ খ্রি:

## সভার নোটিশ

**বিষয়ঃ** ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভা প্রসঙ্গে।

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২২/০২/২০২৪ খ্রিঃ তারিখে বিকেল ০৩.০০ ঘটিকায় সম্মানিত ২১ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়ে (WLCC)'র সভা আয়োজন করা হয়েছে।উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে আপনার মূল্যবান বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য বিষয়ঃ-** ১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
২। অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবন প্রসঙ্গে
৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।
৪। আইন-শৃঙ্খলা পরিস্থিতি প্রসঙ্গে।

শুভেচ্ছান্তে,

১৫/০২/২৪

(জনাব মোঃ শাহিন মিয়া)
কাউন্সিলর, ওয়ার্ডনং- ২১
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
মোবাইল- ০১৭৯২৬০৪৭১২৪

২৪০ নং সালেহ নগর রোড, বন্দর, নারায়ণগঞ্জ। মোবাইল ঃ ০১৯২৬০৪৭১২৪
E-mail : arshaheen549@gmail.com

CamScanner

# ২১নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়

২৪০নং সালেহনগর রোড,বন্দর,নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

নারায়নগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ২১নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্যবিবরনী।

সভাপতি ঃ জনাব মোঃ শাহিন মিয়া
কাউন্সিলর, ওয়ার্ড নং- ২১
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

ওয়ার্ড নং ঃ ২১

সভার তারিখ ঃ ২২/০২/২০২৪ খ্রিঃ

সভার সময় ঃ বিকেল ০৩.০০ ঘটিকায়

সভার স্থান ঃ ২১ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়।

**সভার উপস্থিতি তালিকা সংযোজনী "ক"তে সংযুক্ত ঃ**

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ২১ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ শাহিন মিয়া কমিটির সদস্য সচিব জনাব ফারুকুল ইসলাম কে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী- ১:** গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব ফারুকুল ইসলাম পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। |

**আলোচ্যসূচী-২:** অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনাঃ

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন | ২১নং WLCC'র সদস্য-সচিব জনাব ফারুকুল ইসলাম অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন | উপরোক্ত অবকাঠামো | প্রকৌশল বিভাগ, |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| প্রস্তাবনা। | প্রস্তাবনা উপস্থাপনের জন্য উপস্থিত সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগন যে সকল দাবী পেশ করেন তা নিম্নরুপ।<br>১। WLCC এর সদস্য জনাব রোসন বলেন যে, বাড়ীপাড়া রাস্তাসহ ড্রেন নির্মান।<br>২। WLCC এর সদস্য জনাব আবুল বাশার বলেন যে, বাড়ীপাড়া মসজিদ হতে মজিবর মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা সহ ড্রেন নির্মান।<br>৩। শাহী মসজিদ রোডে আমিনুল ইসলামের বাড়ী হতে আর এইচ ডি রোড পর্যন্ত ড্রেন নির্মান ।<br>৪। ঋষিপাড়া হতে এনায়েতনগর সংযোগ সড়কের রাস্তা ও ড্রেন নির্মান ।<br>৫। সোনাকান্দা কবরস্থান হতে মদনপুর-মদনগঞ্জ সড়ক পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মান ।<br>৬। সালেহনগর রোডে রাস্তা মেরামত।<br>৭। শাহী মসজিদ রোডে আমিনুল ইসলামের বাড়ী হতে আর এইচ ডি রোড পর্যন্ত রাস্তা নির্মান ।<br>৮। মালেক সাহেবের বাড়ী হতে রমজান মিয়ার বাড়ী পর্যন্ত পানি সমস্যা।<br>৯। রুপালী আবাসিক এলাকায় রাস্তা ও ড্রেন নির্মান।<br>১০।সোনাকান্দা এনায়েতনগর কামাল মাস্টারের বাড়ী হতে শামসুল হক এর বাড়ী পর্যন্ত রাস্তা নির্মান।<br>১১। WLCC এর সদস্য জনাব মিজানুর রহমান বলেন যে, সালেহনগর শাখা রোড লাইট প্রয়োজন। | নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা সভায় সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয় এবং বর্নিত কার্যক্রম দ্রুত বাস্তবায়নের নিমিত্ত মেয়র, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গ্রহন করা হয়। | নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচী-৩: অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ২১ নং ওয়ার্ডের WLCC এর সদস্য সচিব জনাব ফারুকুল ইসলাম জানান যে, জনগনের নিকট সরকারি দপ্তরের জবাব দিহিতা নিশ্চত করন,সেবার মানউন্নয়ন ও | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এ কার্যক্রম গ্রহনের জন্য উপস্থিত সকল সদস্য কর্তৃপক্ষকে | WLCC সদস্যগন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সুশাসন প্রতিষ্টার লক্ষ্যে সরকার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রনয়ন করছে। যার প্রেক্ষিতে যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি,আভ্যন্তরীন সেবা বা নাগরিক অধিকার বিষয়ে অভিযোগ দায়ের করতে পারবেন। এ সকল অভিযোগ নিষ্পত্তির জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে জনাব , মোহাম্মাদ মঈনুল ইসলাম নগর পরিকল্পনাবিদ কে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং প্রধান নির্বহী কর্মকর্তা মহোদয় কে আপিল কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করা হয়েছে। যার প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে অনলাইনে নিদিষ্ট ফরমে অভিযোগ জানানোর ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি ও সুশাসন সংশ্লিষ্ট বিষয়ে লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন।জনাব হযরত আলী উপস্থিত সবাইকে যৌক্তিক অভিযোগ দাখিলের মাধ্যমে সেবার মানউন্নয়ন এবং উক্ত বিষয়টি প্রচারের অনুরোধ জানান। | ধন্যবাদ জানান এবং প্রত্যেকে স্ব-স্ব অবস্থান হতে সেবার মানউন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ ও অভিযোগ জানাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আলোচ্যসূচী-৪: আইন-শৃঙ্খলা পরিস্থিতি প্রসঙ্গে।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| আইন-শৃঙ্খলা পরিস্থিতি প্রসঙ্গে। | WLCC'রসদস্য জনাব মোঃ বাদল বলেন যে, এই ওয়ার্ডে অধিক হারে মাদক সেবনকারী দিন দিন বেড়ে চলছে। যার কারনে চুরি-ছিনতাই ও ইফটিজিং ইত্যাদি অপরাধমূলক কাজে তারা লিপ্ত হচ্ছে। তাই তারা এই অপরাধমূলক কাজে যাতে লিপ্ত না হয় তার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ করেন। | সভায় সর্বসম্মতিক্রমে আইন শৃংঙ্খলাবাহিনীকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর, আইন শৃঙ্খলা বাহিনী ও WLCC এর সদস্য। |

CamScanner

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(জনাব মোঃশাহীন মিয়া)

চেয়ারপার্সন, ২১নং WLCC ও

কাউন্সিলর, ২১নং ওয়ার্ড

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

মোবাইল ঃ০১৯২৬০৪৭১২৪

CamScanner

# সংযোজনী-ক

## ২১ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরা তালিকা।

তারিখঃ

| ক্র.নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ শাহীন মিয়া | সভাপতি | |
| ০২ | জনাব শিউলী নওশাদ | সহ-সভাপতি | |
| ০৩ | জনাব মোঃ স্বপন | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ আমিনুল | সদস্য | |
| ০৫ | জনাব মোঃ নজরুল ইসলাম বাবু | সদস্য | |
| ০৬ | জনাব মিজানুর রহমান, | সদস্য | |
| ০৭ | জনাব আলী রেজা রজ্জব | সদস্য | |
| ০৮ | জনাব রজ্জব আলী বাবর | সদস্য | |
| ০৯ | জনাব নজরুল শিকদার | সদস্য | |
| ১০ | জনাব মোঃ মামুন | সদস্য | |

CS CamScanner

| ক্র.নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | জনাব হাবিবুর রহমান খোকন | সদস্য | |
| ১২ | জনাব মোঃ তৌ[illegible] | সদস্য | |
| ১৩ | জনাব মোঃ বাদল ম[illegible]র | সদস্য | |
| ১৪ | জনাব মোসাঃ মায়ানুর | সদস্য | |
| ১৫ | জনাব মোসাঃ লিপি | সদস্য | |
| ১৬ | বীর মুক্তিযোদ্ধা আব্দুল আজিজ | সদস্য | |
| ১৭ | সাংবাদিক শিবু | সদস্য | |
| ১৮ | জনাব মোঃ ফারুকুল ইসলাম | সদস্য সচিব | |

CamScanner